

কৃষি ও সেচ প্রকল্প বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ কমল কৃষ্ণ সরকার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
স্থান	ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান-এর অফিস কক্ষ
তারিখ	ঃ ২২/১১/২০২১ খ্রিঃ
সময়	ঃ সকাল ১১.০০ টা।

পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-

ক্রমিক নং	নাম ও পদবী	উপাধী	স্বাক্ষর
১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট	সভাপতি	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, সারপুকুর ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, পলাশী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট	সদস্য	স্বাক্ষরিত
৪	চেয়ারম্যান, মহিষখোচা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট	সদস্য	স্বাক্ষরিত
৫	জনাব মোঃ আব্দুর রহমান, কালীগঞ্জ, লালমনিরহাট	সদস্য	স্বাক্ষরিত
৬	উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট	সদস্য-সচিব	স্বাক্ষরিত

আলোচ্য সূচিঃ


১. উপজেলার সার্বিক কৃষি পরিস্থিতি
২. অন্যান্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। সংশ্লিষ্ট সদস্য সচিবগণ শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	উপজেলার সার্বিক কৃষি পরিস্থিতি	উপজেলা কৃষি অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, রোপা আমন ধান রোপন কাজ সমাপ্ত হয়েছে। চলতি রোপা আমন মৌসুমে ১৩৮৮৫ হেক্টর লক্ষমাত্রার বিপরীতে ৪৫০ হেক্টর হাইব্রিড এবং ১২৬০০ হেক্টর উফশী মোট ১৩০৫০ হেক্টর অর্জিত হয়েছে। রোপা আমনের স্তর সমূহ খোড় ৫%, ফুল ৬০%, শীষ ২০%, দুধ ১০% নরম দানা ৩% ও শক্ত দানা ২%। চলতি রবি মৌসুমে বিভিন্ন শাকশবজি ২৫০ হেক্টর আবাদ সম্পন্ন হয়েছে। বর্তমানে ইউরিয়া সার ২৮৬ মেগটন, টিএসপি ৫৬ মেগটন, এমওপি ৭৫ মেগটন ও ডিএপি ৯৫ মেগটন মজুদ আছে। চলতি মাসে বিভিন্ন কীটনাশকের দোকান পরিদর্শন করে মেয়াদ উত্তীর্ণ কীটনাশক ধ্বংস করার জন্য জব্দ করা	কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল ও সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ।

	হয়েছে। তিনি আরও বলেন যে, আসন্ন রবি প্রনোদনা কর্মসূচি সুষ্ঠুভাবে উপজেলা পরিষদের সাথে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।		
--	---	--	--

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(কমল কৃষ্ণ সরকার)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও


সভাপতি

কৃষি ও সেচ প্রকল্প বিষয়ক উপজেলা কমিটি

কালীগঞ্জ, লালমনিরহাট।

সদয় জ্ঞাতার্থে :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ৪। জনাব....., কালীগঞ্জ, লালমনিরহাট।



উপজেলা কৃষি কর্মকর্তা

ও

সদস্য সচিব

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি

কালীগঞ্জ, লালমনিরহাট।